

বিষয়ঃ ইনোভেশন টিম “সংক্রান্ত সভার কার্যবিবরণী।”

চীফ ইনোভেশন অফিসার	:	জনাব মোঃ হাবিবুর রহমান নির্বাহী পরিচালক (অর্থ)
সভার তারিখ ও সময়	:	১৪-১১-২০১৮ খ্রিঃ বেলাঃ ১১.৩০ ঘটিকা
সভার স্থান	:	কনফারেন্স রুম
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”


সভার প্রারম্ভে ইনোভেশন অফিসার উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও চীফ ইনোভেশন অফিসার সভার শুরুর পূর্বেই আয়োজিত প্রশিক্ষণে ইনোভেশন বিষয়ে সকলকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য- সচিব গত ৩০-০৯-২০১৮ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করেন।

০২। সভার সদস্য- সচিব অবহিত করেন যে, দপ্তর সংস্থার ইনোভেশন টিমের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ২০১৮-২০১৯ (১ম রাউন্ড) নৌ-পরিবহন মন্ত্রণালয় এর মাধ্যমে কেবিনেটে পাঠানোর জন্য মন্ত্রণালয় কর্তৃক এতদসংক্রান্ত একটি “ছক” প্রেরণ করেছেন। বর্ণিত ছক অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা হয়। উক্ত আলোচনার আলোকে প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিএসসি’র ইনোভেশন প্রকল্পগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-

৩.০১। বিএসসি’র ১টি ইনোভেশন প্রকল্প ইতিমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং অপর একটি প্রকল্প নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এতে কিছুটা সংযোজন ও সংশোধন করে অতি শীঘ্রই দ্বিতীয় প্রকল্পটি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়। এছাড়া ১ম প্রকল্পটি ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদন গ্রহণ করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে পরামর্শ প্রদান করা হয়। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য আজকের সভার মাধ্যমে ইনোভেশন- সাব কমিটিকে সকল প্রকার সহযোগীতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.০২। গত অর্থ বছরে “জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” প্রকল্পটির সাথে সম্পৃক্তদের ডকুমেন্টেশনের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করা হয়। এছাড়া ডকুমেন্টেশনের কার্যক্রম শেষে মন্ত্রণালয়ে প্রজেক্ট শোকেসিং করার প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট টিমকে পরামর্শ প্রদান করা হয়। বর্তমানে প্রকল্পটি পাইলট আকারে বিএসসিতে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণকারীদের সংশ্লিষ্ট এসএসএম এবং হিসাব বিভাগের সাথে আলোচনা করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। চীফ ইনোভেশন অফিসার সভায় জানান উক্ত প্রকল্পটি ১০০ ভাগ বাস্তবায়ন হলে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে পুরস্কৃত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এবিষয়ে সভার সকলে একমত পোষণ করেন। এছাড়া গৃহীত প্রকল্পের ১ মিনিটের ১টি ভিডিও প্রস্তুত করার জন্য প্রকল্পের সাথে সম্পৃক্ত ও আইটি সংশ্লিষ্ট জনাব রয়েল দত্তকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ হাবিবুর রহমান)
নির্বাহী পরিচালক (অর্থ)

ও

চীফ ইনোভেশন অফিসার

বিতরণঃ ইনোভেশন টিম, সাব টিম, মেন্টরবৃন্দ এবং “জাহাজ মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” প্রকল্পের সংশ্লিষ্ট সকল সদস্য।

অনুলিপিঃ

০১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। নিঃপঃ (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।

০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।